

বিষয়: NYCHA থেকে জরুরি তথ্য পেতে আপনার সাথে যোগাযোগের হালনাগাদ তথ্য আছে তা নিশ্চিত করুন!

প্রিয় বাসিন্দাবৃন্দ,

কোভিড-19 এর এই জরুরি অবস্থা আমাদেরকে সময়োচিত, যথাযথ যোগাযোগের গুরুত্ব সম্পর্কে মনে করিয়ে দেয়া আপনাকে গুরুত্বপূর্ণ সতর্কবাণী এবং মেসেজ পাঠাতে, Everbridge নামক একটি গণবিজ্ঞপ্তি প্রদানের ব্যবস্থা NYCHA ব্যবহার করছে। এই বিজ্ঞপ্তিসমূহ আপনার পরিবারের প্রধান ব্যক্তিকে টেক্সট মেসেজ, ফোন কল অথবা ইমেইলের মাধ্যমে প্রেরণ করা হতে পারে। আপনার অ্যানুয়াল রিসার্টিফিকেশনে (বার্ষিক পুনঃপ্রত্যয়ন) উল্লেখিত ভাষার পছন্দের ভিত্তিতে, টেক্সট মেসেজগুলো ইংরেজি, সরলীকৃত চীনা, রাশিয়ান বা স্পেনীয় ভাষায় প্রেরণ করা হবে।

আপনার পরিবারের প্রধান ব্যক্তির সাথে যোগাযোগের জন্য আমাদের কাছে তার হালনাগাদ তথ্য আছে তা নিশ্চিত করতে অনুগ্রহ করে কিছুক্ষণ সময় নিন। NYCHA এর সেলফ-সার্ভিস পোর্টালের “আমার প্রোফাইল” বিভাগে ভিজিট করে (<https://selfserve.nycha.info/>) অথবা MyNYCHA অ্যাপের “পছন্দসমূহ (Preferences)” স্ক্রিনে গিয়ে আপনি এই কাজ করতে পারেন। একজন প্রতিনিধির সাথে আপনার তথ্যসমূহ নিশ্চিত করতে আপনি 718-707-7771 নম্বরে কাস্টমার কন্টাক্ট সেন্টারেও (CCC) কল করতে পারেন।

যদি আপনার স্মার্টফোন বা ট্যাবলেটে এখনো এটি না থাকে, তাহলে অ্যাপল স্টোর বা গুগল প্লে থেকে MyNYCHA অ্যাপটি ডাউনলোড করুন – এটি বিনামূল্যে পাওয়া যায় এবং কাজের আদেশ তৈরি করা, অনলাইনে ভাড়া পরিশোধ করা এবং আরো অনেক কিছু করার সুবিধা এখানে আপনি পাবেন।

Everbridge এর টেক্সট মেসেজ 89361 নম্বর থেকে প্রেরিত হবে। অনুগ্রহ করে মনে রাখবেন যে, আপনার ফোন প্ল্যানের উপর ভিত্তি করে আপনার ক্যারিয়ার থেকে স্ট্যান্ডার্ড টেক্সট মেসেজ প্রেরণের চার্জ প্রযোজ্য হতে পারে। যদি এই টেক্সট মেসেজগুলো গ্রহণ করবেন না বলে মনঃস্থির করেন, তাহলে নিচে দেয়া তিনটি পদ্ধতির যেকোনো একটি অনুসরণ করে তা করতে পারেন:

- MyNYCHA অ্যাপের “আমার পছন্দসমূহ” স্ক্রিনে যান এবং “টেক্সটের মাধ্যমে বিজ্ঞপ্তি চালু করুন” থেকে টিক চিহ্ন সরিয়ে নিন;
- সেলফ-সার্ভিস পোর্টালের (<https://selfserve.nycha.info/>), “আমার প্রোফাইল” বিভাগে যান এবং “টেক্সটের মাধ্যমে সতর্কতা বার্তা গ্রহণ করব” থেকে টিক চিহ্ন সরিয়ে নিন; অথবা
- 718-707-7771 নম্বরে কল করে একজন CCC প্রতিনিধিকে অবহিত করুন।

আপনি যেকোনো সময় “STOP” লিখে টেক্সট মেসেজের উত্তর পাঠাতে পারেন। টেক্সট মেসেজ পুনরায় পাওয়া শুরু করতে, “RESUME” লিখে মেসেজ প্রেরণ করুন।

নিউ ইয়র্ক সিটি হাউজিং অথরিটি (নিউ ইয়র্ক সিটি গৃহায়ণ কর্তৃপক্ষ) এর কাছ থেকে Everbridge এর ইমেইল (noreply@everbridge.net ইমেইল ঠিকানা হতে) প্রেরণ করা হয়েছে বলে প্রদর্শিত হবে। আপনি এই গুরুত্বপূর্ণ ইমেইলগুলো পেয়েছেন তা নিশ্চিত হতে আপনার পরিচিতিতে এই ইমেইল ঠিকানা যোগ করে নিন।

আপনার পছন্দনীয় ভাষার উপর ভিত্তি করে, নিম্নোক্ত নম্বরগুলো থেকে Everbridge এর ফোন কল আসবে। প্রাসঙ্গিক ফোন নম্বরগুলো আপনার ফোনের পরিচিতিতে যোগ করে নিন যাতে আপনি বুঝতে পারেন যে আপনাকে কে কল করছে। আপনার সবচেয়ে সাম্প্রতিকতম মেসেজগুলো শুনতে আপনি যেকোনো সময় এই নম্বরগুলোতে আবার কল করতে পারেন।

- ইংরেজি: 718-865-3518
- চীনা: 718-866-3783
- রাশিয়ান: 718-612-7878
- স্প্যানিশ: 718-612-7902

আপনার সহযোগিতার জন্য ধন্যবাদ। বিভিন্ন যোগাযোগের মাধ্যম দ্বারা আমরা আপনাকে সময়োচিত এবং গুরুত্বপূর্ণ তথ্য সরবরাহ করতে থাকব।
যদি আপনার কোনো প্রশ্ন থাকে, তাহলে অনুগ্রহ করে 718-707-7771 নম্বরে CCC-কে কল করুন।

আপনার বিশ্বস্ত,

Greg Russ

সভাপতি এবং প্রধান নির্বাহী কর্মকর্তা

Vito Mustaciolo

মহাব্যবস্থাপক